তারুণ্য নির্ভর সমাজ গড়ার আহ্বান জামায়াত আমিরের

written by Chandradip News24 | December 27, 2024

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, “আমরা একটি তারুণ্য নির্ভর সমাজ গড়তে চাই। যুব সমাজের শক্তি কাজে লাগিয়ে চাঁদাবাজমুক্ত ও দখলদারমুক্ত দেশ গড়ার স্বপ্ন দেখি।”

বৃহস্পতিবার (২৬ ডিসেম্বর) খুলনা জেলার কয়রা উপজেলার কপোতাক্ষ কলেজ মাঠে আয়োজিত উপজেলা জামায়াতে ইসলামীর কর্মী সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ডা. শফিকুর রহমান বলেন, “দেশে কোনো নির্দিষ্ট গোষ্ঠীর প্রভাব যেন আর না থাকে। আগামী জাতীয় সংসদ নির্বাচন আনুপাতিক প্রতিনিধিত্বের ভিত্তিতে হতে হবে। জামায়াত সুযোগ পেলে ধর্ম-বর্ণ-নির্বিশেষে সকলের জন্য একটি নিরাপদ ও উন্নত দেশ গড়ার প্রতিশ্রুতি দেয়।”

তিনি আরও বলেন, “জামায়াতের বিরুদ্ধে একটি বিশেষ মহল বিভ্রান্তি ছড়াচ্ছে। আমরা সবাইকে বলছি, জামায়াত দেশ পরিচালনার সুযোগ পেলে

মা-বোনদের মর্যাদা ও নিরাপত্তা নিশ্চিত করবে।”

তিনি খুলনার কয়রা-পাইকগাছার প্রধান সমস্যা বেড়িবাঁধ সংকটের প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলেন, “অন্তর্বর্তী সরকারকে এই সমস্যার সমাধানে উদ্যোগ নিতে হবে। জনগণের সংকট দূর করতে জামায়াত সবসময় কাজ করে যাবে।”

সম্মেলনে বিশেষ অতিথি ছিলেন জামায়াতের সেক্রেটারি জেনারেল ও সাবেক এমপি অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার, কেন্দ্রীয় সাংগঠনিক সেক্রেটারি মুহাদ্দিস আব্দুল খালেক, খুলনা অঞ্চলের সহকারী পরিচালক মাওলানা আবুল কালাম আজাদসহ অনেকে।

সভায় সভাপতিত্ব করেন উপজেলা আমির মাওলানা মোক্তার হোসাইন এবং সঞ্চালনা করেন মাওলানা শেখ সিরাজুল ইসলাম।

“মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম”